গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর**
ই-৭, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.dip.gov.bd

নং-৫৮.০১.০০০০.১০১.৩৩.০০১.১৫-১৭৮ তারিখঃ ১২ মাঘ ১৪২৪ বঙ্গাব্দ। ২৫ জানুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ।

বিষয়ঃ **সহকারী পরিচালকগণের পারস্পরিক জ্যেষ্ঠতার খসড়া তালিকা চূড়ান্তকরণ বিষয়ক সভার কার্যবিবরণী।**

সভাপতিঃ মেজর জেনারেল মোঃ মাসুদ রেজওয়ান, পিএসসি
মহাপরিচালক

স্থানঃ ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৬০২)।

তারিখ ও সময়ঃ ২০/০১/২০১৮ খ্রিঃ তারিখ, সকাল ১০:০০ ঘটিকা।

উপস্থিত কর্মকর্তগণের তালিকাঃ পরিশিষ্ট-ক।

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে স্বাগত বক্তব্যে তিনি জানান যে, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের সহকারী পরিচালকগণের পারস্পরিক জ্যেষ্ঠতার খসড়া তালিকা প্রস্তুতকরণের জন্য অধিদপ্তরের স্মারক নং-বপাঅ/প্রঃ-২/১০১/২০১৫/৯৯, তারিখ: ১৬/০১/২০১৭ খ্রিঃ মোতাবেক ০৫(পাঁচ) সদস্য বিশিষ্ট উচ্চ পর্যায়ের একটি কমিটি গঠন করা হয়। কমিটির প্রতিবেদনের ভিত্তিতে স্মারক নং-৫৮.০১.০০০০.১০১.৩৩.০০১.১৫-২৫৬৬, তারিখ: ২৩/১১/২০১৭ খ্রিঃ মোতাবেক এই অধিদপ্তরের সহকারী পরিচালকগণের মধ্যে পারস্পরিক জ্যেষ্ঠতা তালিকা প্রস্তুতপূর্বক অধিদপ্তরের website-এ প্রকাশ করা হয় এবং তৈরিকৃত খসড়া তালিকার বিষয়ে কোন আপত্তি, অভিযোগ, পরামর্শ থাকলে তালিকা প্রকাশের তারিখ হতে ৩০(ত্রিশ) কর্মদিবসের মধ্যে লিখিতভাবে কর্তৃপক্ষকে অবহিত করার জন্য বলা হয়। তালিকা সম্পর্কে ১৩(তের) জন সহকারী পরিচালক এবং ১(এক) জন সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা কর্তৃক আপত্তি উত্থাপিত হলে তা নিস্পত্তির জন্য স্মারক নং- নং-৫৮.০১.০০০০.১০১.৩৩.০০১.১৫-১২৬, তারিখ: ১৮/০১/২০১৮ খ্রিঃ মোতাবেক ২০/০১/২০১৮ খ্রিঃ তারিখ মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে সভা আহ্বান করা হয়। অতপর তিনি এ অধিদপ্তরের সহকারী পরিচালকগণের পারস্পরিক জ্যেষ্ঠতার খসড়া তালিকা চূড়ান্তকরণের লক্ষ্যে খসড়া তালিকা বিষয়ে আপত্তি উত্থাপনকারী কর্মকর্তাগণকে নিজ নিজ বক্তব্য উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

| নং | কর্মকর্তার নাম, পদবি | আলোচনা | গৃহিত সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১. | জনাব মোহাম্মদ জাহিদুল হক<br>সহকারী পরিচালক | তিনি সভাকে জানান যে, ৩০তম বিসিএস-এর মাধ্যমে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণ বিসিএস উত্তীর্ণ হলেও ক্যাডার পদে পদ স্বল্পতার কারণে সুপারিশ পাননি। পরবর্তীতে ক্যাডার পদে সুপারিশপ্রাপ্ত নন এমন প্রার্থীদের মধ্যে নন ক্যাডারের জন্য আবেদন চাওয়া হলে তারা আবেদন করেন এবং এই অধিদপ্তরে সহকারী পরিচালক হিসেবে সুপারিশ প্রাপ্ত হন। তাই নন-ক্যাডারের জন্য যে আবেদন চাওয়া হয়েছে তাই হলো ৩০তম বিসিএস-এর মাধ্যমে নিয়োগপ্রাপ্ত সহকারী পরিচালকগণের উন্মুক্ত বিজ্ঞপ্তি। সে হিসেবে ৩০তম বিসিএস-এর মাধ্যমে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণের বিজ্ঞপ্তি ০৬/০২/২০১১ খ্রিঃ তারিখের পরে হওয়ায় তিনিসহ পিএসসি কর্তৃক প্রকাশিত বিজ্ঞপ্তি নং-৮০.১০৬.০১১.০১.০০.০১০.২০১০-২৬, তারিখ: ০৬/০২/২০১১ খ্রিঃ-এর মাধ্যমে সুপারিশকৃত কর্মকর্তাগণ ৩০তম বিসিএস-এর মাধ্যমে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণের চেয়ে জ্যেষ্ঠতা পাবেন।<br><br>সভাপতিসহ সভায় উপস্থিত সকলেই একমত পোষণ করেন যে, উন্মুক্ত বিজ্ঞপ্তির সাথে পরীক্ষা বা মূল্যায়নের সম্পর্ক রয়েছে। তাছাড়া উন্মুক্ত বিজ্ঞপ্তি হলো তাই, যেখানে ধর্ম, বর্ণ নির্বিশেষে যোগ্যতা সম্পন্ন সকল বাংলাদেশি নাগরিক অংশগ্রহণ করতে পারেন। তাই ৩০তম বিসিএস-এর মাধ্যমে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণের ক্ষেত্রে ৩০তম বিসিএস-এর বিজ্ঞপ্তিই উন্মুক্ত বিজ্ঞপ্তি এবং তাদের মূল নিয়োগ বিজ্ঞপ্তি। | পূর্ববর্তী উন্মুক্ত বিজ্ঞপ্তি হিসেবে ৩০তম বিসিএস (নং-৮০.২০০.০৪৬.০০.০০.০০১.২০১০-৩৬০, তারিখ: ০৮/০৩/২০১০ খ্রিঃ) এবং ৩১তম বিসিএস (নং-৮০.২০০.০৪৬.০০.০০.০৪২.২০১১-১১৯৯, তারিখ: ২৬/০১/২০১১ খ্রিঃ)-এর পাশাপাশি পিএসসি-এর মাধ্যমে সরাসরি প্রদানকৃত নিয়োগ বিজ্ঞপ্তিকে বিবেচনায় রেখে বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ অনুসারে জ্যেষ্ঠতা নির্ধারণ হবে। |

| | | | |
|---|---|---|---|
| ২. | জনাব রোতিকা সরকার<br>সহকারী পরিচালক | প্রকাশিত খসড়া জ্যেষ্ঠতা তালিকায় তার অবস্থান ৩২ নং ক্রমিকে প্রদর্শিত হয়েছে। তিনি আরও জানান যে, প্রচলিত আইন ও বিধি মোতাবেক তার অবস্থান ১০নং ক্রমিকে প্রদর্শিত জনাব মোঃ হাফিজুর রহমানের উপরে ও জনাব আবু নাঈম মাসুম-এর পরে প্রদর্শিত হওয়া সমীচীন ছিল।<br><br>সভাপতিসহ সভায় উপস্থিত অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাগণ আপত্তি প্রদানকারী কর্মকর্তাকে অবহিত করেন যে, জ্যেষ্ঠতার সাধারণ নীতিমালার এ(১) অনুচ্ছেদ মোতাবেক পূর্ববর্তী বিজ্ঞপ্তির মাধ্যমে নিয়োগপ্রাপ্তগণ পরবর্তী বিজ্ঞপ্তির মাধ্যমে নিয়োগপ্রাপ্তদের উপরে জ্যেষ্ঠতা পাবে। | সহকারী পরিচালক পদে পিএসসি কর্তৃক সরাসরি নিয়োগ বিজ্ঞপ্তির (উন্মুক্ত) পূর্বে ৩০তম ও ৩১তম বিসিএস-এর বিজ্ঞপ্তি (উন্মুক্ত) প্রকাশিত হওয়ায় নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী (জ্যেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা,২০১১ অনুযায়ী ৩০তম ও ৩১তম বিসিএস এর মাধ্যমে নিয়োগপ্রাপ্ত সহকারী পরিচালকগণ জ্যেষ্ঠতা পাবেন। |
| ৩. | জনাব আবু নাঈম মাসুম<br>সহকারী পরিচালক | সভায় তিনি জানান যে, সরাসরি নিয়োগকৃত সহকারী পরিচালকগণ জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী ৩০তম বিসিএস-এর মাধ্যমে নিয়োগকৃত কর্মকর্তাদের চেয়ে ০১(এক)টি ইনক্রিমেন্ট বেশি পান। তাই একই পঞ্জিকাবর্ষে যোগদানকৃত অন্য কর্মকর্তাদের চেয়ে তিনি ০১(এক)টি বেশি ইনক্রিমেন্ট পান বিধায় জ্যেষ্ঠতার তালিকায় তিনি ৩০তম বিসিএস-এর মাধ্যমে নিয়োগকৃত কর্মকর্তাদের উপরে থাকবেন।<br><br>বক্তব্য শ্রবণের পর সভাপতিসহ উপস্থিত অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ একমত পোষণ করেন যে, ০১(এক)টি ইনক্রিমেন্ট বেশি প্রাপ্তির সাথে জ্যেষ্ঠতার কোন সম্পর্ক নেই। | জ্যেষ্ঠতার সাধারণ নীতিমালা অনুযায়ী ৩০তম বিসিএস-এর নিয়োগ বিজ্ঞপ্তি পূর্বে হওয়ায় একই বিসিএস-এর মাধ্যমে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণ পিএসসি কর্তৃক প্রকাশিত বিজ্ঞপ্তি নং-৮০.১০৬.০১১.০১.০০.০১০.২০১০-২৬, তারিখ: ০৬/০২/২০১১ খ্রিঃ-এর মাধ্যমে সরাসরি নিয়োগপ্রাপ্তদের চেয়ে জ্যেষ্ঠতা পাবেন। |
| ৪. | জনাব মোক্তার হোসেন<br>সহকারী পরিচালক | খসড়া জ্যেষ্ঠতা তালিকার ১৮ ক্রমিকে উপস্থাপিত জনাব মোঃ খোরশেদ আলম, সহকারী পরিচালক পদে নিয়োগ পান ২৫/০২/২০১৩ খ্রিঃ তারিখ এবং তিনি (মোক্তার হোসেন) ২১/১১/২০১২ খ্রিঃ তারিখে অধিদপ্তরের সহকারী পরিচালক পদে সরাসরি যোগদান করেন। তাই নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী (জ্যেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা, ২০১১ অনুযায়ী তিনিসহ একই নিয়োগ বিজ্ঞপ্তির মাধ্যমে নিয়োগপ্রাপ্ত সকল কর্মকর্তা জনাব মোঃ খোরশেদ আলমের উপর জ্যেষ্ঠতা পাবেন।<br><br>সভাপতি সভাকে অবহিত করেন যে, জ্যেষ্ঠতার সাধারণ নীতিমালা অনুযায়ী নিয়মিত ভিত্তিতে ধারাবহিক ব্যবস্থায় কোন একটি নির্দিষ্ট বৎসরে উচ্চতর গ্রেডে পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাগণ ঐ বৎসরে সরাসরি নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের জ্যেষ্ঠ হবেন। তাই নীতিমালা অনুযায়ী বিভাগীয় পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তা শুধু একই পঞ্জিকাবর্ষে যোগদানকৃত কর্মকর্তাগণের চেয়ে জ্যেষ্ঠতা পাবেন। | উপপরিচালকের ফিডার পদধারী জ্যেষ্ঠতা তালিকায় পূর্বের বছর (২১/১১/২০১২তারিখে) যোগদানকৃত কর্মকর্তাগণ বিভাগীয় পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তার উপর জ্যেষ্ঠতা পাবেন। |
| ৫. | সহকারী পরিচালক সর্বজনাব<br>ক) মোঃ রেজাউল ইসলাম (সাময়িক বরখাস্তকৃত);<br>খ) মোঃ আবুল হোসেন;<br>গ) সুমনা শারমিন শাওন;<br>ঘ) মোঃ মেহেদী হাসান;<br>ঙ) শরিফুল ইসলাম;<br>চ) মানিক চন্দ্র দেবনাথ;<br>ছ) মোঃ সাহজাহান কবির | প্রকাশিত খসড়া জ্যেষ্ঠতা তালিকায় তাদের অবস্থান ৩০তম বিসিএস-এ নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাগণের জ্যেষ্ঠতা পাবেন মর্মে সভাকে অবহিত করেন।<br><br>সভাপতিসহ সভায় উপস্থিত অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাগণ আপত্তি প্রদানকারী কর্মকর্তাকে অবহিত করেন যে, উত্থাপিত আপত্তি পূর্বের কর্মকর্তার অনুরূপ হওয়ায় এ বিষয়ে বিস্তারিত আলোচনার প্রয়োজন নেই। তাছাড়া, একই সমস্যা সমাধানে পিএসসি কর্তৃক গৃহিত পদক্ষেপকে দৃষ্টান্ত হিসেবে গ্রহণ করা যায়। | সহকারী পরিচালক পদে পিএসসি কর্তৃক সরাসরি নিয়োগ বিজ্ঞপ্তির পূর্বে ৩০তম ও ৩১তম বিসিএস-এর বিজ্ঞপ্তি প্রকাশিত হওয়ায় নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী (জ্যেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা,২০১১ অনুযায়ী ৩০তম ও ৩১তম বিসিএস এর মাধ্যমে নিয়োগপ্রাপ্ত সহকারী পরিচালকগণ জ্যেষ্ঠতা পাবেন। |
| ৬. | সহকারী পরিচালক সর্বজনাব<br>ক) মোরাদ চৌধুরী;<br>খ) উম্মে কুলসুম;<br>গ) শামীম আহ্মেদ | কর্মকর্তাগণ খসড়া তালিকায় তাদের নাম পিএসসির মেধাতালিকা অনুযায়ী নির্ধারণের জন্য অনুরোধ জানান।<br><br>সভাপতি বক্তব্যের প্রেক্ষিতে সভাকে জানান যে, জ্যেষ্ঠতার সাধারণ নীতিমালা অনুযায়ী পিএসসি কর্তৃক সুপারিশকৃত মেধাক্রমই জ্যেষ্ঠতার মূল ভিত্তি। | চূড়ান্ত তালিকায় পিএসসির মেধাক্রম অনুসরণ করতে হবে। |
| ৭. | সহকারী পরিচালক সর্বজনাব<br>ক) আবু ইউসুফ;<br>খ) গাজী মাহমুদুল হাসান | খসড়া তালিকায় কর্মকর্তাগণের নামের পাশে বর্ণিত মন্তব্য কলামে 'পিএসসির মাধ্যমে সরাসরি নিয়োগ' এর পরিবর্তে '৩৩তম বিসিএস হতে নিয়োগপ্রাপ্ত' মন্তব্যটি সংশোধনের | মন্তব্য কলাম সংশোধন পূর্বক পিএসসির মেধাক্রম অনুসরণে তালিকা চূড়ান্ত করতে হবে। |

| | | | |
|---|---|---|---|
| | | জন্য অনুরোধ জানান এবং জ্যেষ্ঠতার সাধারণ নীতিমালা অনুযায়ী পিএসসির মেধাক্রম অনুসরণের অনুরোধ জানান। | |
| ৮. | জনাব মোঃ খোরশেদ আলম<br>সহকারী পরিচালক | তিনি সভাকে জানান যে, নিয়মিত ভিত্তিতে ধারাবাহিক ব্যবস্থায় কোন একটি নির্দিষ্ট বৎসরে উচ্চতর গ্রেডে পদোন্নতি প্রাপ্ত কর্মকর্তাগণ ঐ বৎসরে সরাসরি নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের চেয়ে জ্যেষ্ঠ হবেন। তাছাড়া স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক ০৭/০৬/২০১১ খ্রিঃ তারিখ হতে ধারণাগত জ্যেষ্ঠতা প্রদান করায় সহকারী পরিচালকগণের মধ্যে তিনি জ্যেষ্ঠতা পাবেন।<br><br>সভাপতি সভাকে জানান যে, এটি উপপরিচালকের ফিডার পদধারী সহকারী পরিচালকগণের জ্যেষ্ঠতা তালিকা। নন-ক্যাডার কর্মকর্তা ও কর্মচারী (জ্যেষ্ঠতা ও পদোন্নতি) বিধিমালা, ২০১১ এর অধীনে যোগদানের তারিখ হতে পরবর্তী পদোন্নতির ফিডার পদের চাকরিকাল তার পদোন্নতিপ্রাপ্ত পদে নিয়মিত যোগদানের তারিখ হতে গণনাযোগ্য হবে। এক্ষেত্রে তার ফিডার পদে চাকরিকাল মূল ব্যাচের পদোন্নতির তারিখ হতে গণনাযোগ্য হবে না। ০৭(সাত) বছর পূর্ণ হলেই কেবল উপপরিচালক পদের জন্য প্রস্তাব প্রেরণ করা যায়। | যোগদানের তারিখ অনুসারে তিনি জ্যেষ্ঠতা পাবেন। অর্থাৎ তার যোগদানের তারিখ ২৫/০২/২০১৩ খ্রিঃ তারিখ হতে পরবর্তী পদের পদোন্নতির চাকরিকাল বিবেচিত হবেন এবং একই তারিখ হতে জ্যেষ্ঠতা পাবেন। তবে ২০১৩ এর পঞ্জিকাবর্ষে নিয়োগপ্রাপ্ত সকল সহকারী পরিচালকগণের মধ্যে তিনি জ্যেষ্ঠতা পাবেন। |
| ৯. | জনাব মোহাম্মদ মাসুদ রানা<br>সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা | তিনি সভাকে জানান যে, যেহেতু সহকারী পরিচালক এবং সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তার মধ্যে হতে জ্যেষ্ঠতার ভিত্তিতে উপপরিচালক পদে পদোন্নতি প্রদান করা হবে, সেহেতু অত্র অধিদপ্তর কর্তৃক জারিকৃত সহকারী পরিচালকগণের মধ্যে পারস্পরিক জ্যেষ্ঠতা তালিকার যে খসড়া প্রণয়ন করা হয়েছে তাতে সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা হিসেবে তার নাম উক্ত তালিকায় অন্তর্ভুক্ত করা প্রয়োজন।<br><br>সভাপতি সভাকে জানান যে, সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা পদটি যেহেতু উপপরিচালকের ফিডার পদ সেহেতু জ্যেষ্ঠতার তালিকায় সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তার নাম অর্ন্তভুক্ত করতে হবে। | সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা পদে পিএসসি কর্তৃক প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির তারিখ অনুযায়ী তিনি জ্যেষ্ঠতা পাবেন। |

৩। পরিশেষে, সভাপতি আপত্তি প্রদানকৃত কর্মকর্তাগণকে সভায় গৃহিত সিদ্ধান্তের বিষয়ে কোন প্রকার আপত্তি থাকলে তা উত্থাপনের জন্য অনুরোধ জানান। উপস্থিত কর্মকর্তাগণ গৃহিত সিদ্ধান্তের বিষয়ে সন্তুষ্টি প্রকাশ করেন এবং সভাপতি মহোদয়কে সময়োপযোগী ও কার্যকরী পদক্ষেপ গ্রহণের জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। সভাপতি মহোদয় সভায় উত্থাপনযোগ্য আর কোন আপত্তি না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে এবং দ্রুততম সময়ে বিধি অনুসরণ পূর্বক প্রজ্ঞাপন প্রণয়নের আশাবাদ ব্যক্ত করে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন ।

( মেজর জেনারেল মোঃ মাসুদ রেজওয়ান, পিএসসি )
মহাপরিচালক

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে)ঃ

১। সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: যুগ্মসচিব, বহিরাগমন-৪)।
২। জনাব ..................................., সহকারী পরিচালক/ সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা ........................................................................... ।
৩। ব্যক্তিগত সহকারী, মহাপরিচালক/ অতিরিক্ত মহাপরিচালক (পাসপোর্ট, ভিসা ও ইমিগ্রেশন)/ (মাসব্য ও অর্থ)/ পরিচালক (প্রশাসন ও অর্থ), প্রধান কার্যালয়, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।

E:\Mustakim Amir\Seniority/Letter